দর্শনায় একাধাকি ট্রাক চুরি মামলার আসামী রিয়াদ জনতার হাতে আটক, আহত ৫

একাধাকি ট্রাক চুরি মামলার আসামী রিয়াদ এবার জনতার হাতে পাকড়াও হয়েছে। যশোর থেকে ট্রাক চুরি করে আনার পথে পথে ঘটিয়েছে একাধীক সড়ক দূর্ঘটনা। আহত হয়েছে ৫ জন। ছাগল মরেছে ৬টি। ভেঙ্গেছে মোটর সাইকেল ও পাখি ভ্যান। ট্রাক উল্টে খাদে ফেলে পালানোর সময় জনতার হাতে আটকের পর দেয়া হয়েছে উত্তম মাধ্যম। বিজিবি পৌছাতে রক্ষা পেলে জীবন। যশোর শেকাটি বাবলা তলার ইমরান আলীর ছেলে মুরাদ হোসেন বাড়ির সামনের ঢাকা রোডে তার ট্রাক (ঢাকা মেট্রো-ট ১১-৬৫২৭) রাখেন।

প্রতিদিনের মত গত পরশু সোমবার ওই স্থানে ট্রাক রেখে বাড়িতে যান মুরাদ। সিসি টিভির ফুটেজে দেখা যায় রাত দেড়টার দিকে ৩ জন ট্রাকটি চুরি করে পালাতে। ট্রাক চুরি করে চালিয়ে আসছিলো দর্শনা মোহাম্মদপুরের শফি উদ্দিন মিস্ত্রির ছেলে একাধীক ট্রাক চুরি মামলার আসামী রিয়াদ (২২)। গতকাল মঙ্গলবার সকাল ৯ টার দিকে ট্রাক চুরি করে আনার পথে পথে ঘটিয়েছে সড়ক দূর্ঘটনা। তার বিরুদ্ধে গত ৫ আগষ্ট সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে যাবার সাথে সাথে দেশব্যাপী বিক্ষুব্ধ জনতা সাবেক এমপি আলী আজগার টগরের বাসভবনে আগুন দেয়। পরে রিয়াদ রাতে টগরের বাড়িতে চুরি করতে গেলে সিলিন্ডার বিস্ফোরণ ঘটে এতে তার দুই হাত নাক পুড়ে যায়। দুইদিন চিকিৎসার পর যশোর থেকে ট্র্যাক চুরি করে পলানোর সময় আটক হয় রিয়াদ।

জানা গেছে জীবননগরে দূর্ঘটনা ঘটিয়ে দ্রুতগতিতে আসার পথে দর্শনা আকন্দবাড়িয়া বটতলায় কয়েকটি টোঙ দোকান ভেঙ্গেছে ট্রাকে। বটতলা থেকেই ট্রাকের পিছু নেয় ক্ষতিগ্রস্থরা।

এ সময় আকন্দবাড়িয়া গাংপাড়ার মালেকের মোটর সাইকেল ট্রাকের চাকায় গুড়িয়ে দেয়। কলুপাড়ার লিখনের ছেলে আবু সাঈদের হাত ও পা ভাঙ্গে। একই সড়কে ৬টি ছাগল মরেছে ওই ট্রাকের চাকায় পিষ্ট হয়ে। ছাগলের মালিকেরা হলেন হেগো মিয়ার ছেলে শরিফুল ও শমসের মন্ডলের ছেলে মুকুল। আকন্দবাড়িয়া শামসুল ইসলাম সড়কের ধারে গাছের তলে বসে থাকা

ভ্যান চালক সহ ১২ জনের মধ্যে ৮ জন রক্ষা পেলেও আহত হয়েছে ৪ জন।

আহতরা হলেন আকন্দবাড়িয়া ফার্মপাড়ার রহমতুল্লাহর ছেলে ভ্যান চালক ওয়াজেদ আলী (৪৬), চাঁদ আলীর ছেলে আক্তার (৬০), নুর ইসলামের ছেলে হারুন (৩০) ও আশা মন্ডলের ছেলে মিন্টু (৪০)। আহতদের স্থানীয়ভাবে চিকিৎসা দেয়া হয়েছে। এ দিকে ওয়াজেদের ভ্যান ট্রাকের ধাক্কায় ভেঙ্গে গুড়িয়ে গেছে। এ সময় ট্রাক নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার ধারের খাদে পরে যায়। ঘটনাস্থল থেকে চালক অভিযুক্ত চোর রিয়াদ পালানোর চেষ্টা করলে তাকে ধাওয়া করে ধরা হয় ঈশ্বরচন্দ্রপুর থেকে। দেয়া হয় গণধোলাই। এক পর্যায়ে উথলী বিশেষ ক্যাম্পের টহল বিজিবি সদস্যরা ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি শান্ত করে রিয়াদকে নেয় তাদের হেফাজতে। পরে বিজিবি সদস্যরা রিয়াদকে সোপর্দ করেছে দর্শনা থানা পুলিশে। পরপরই দর্শনা থানা পুলিশ পৌছায় ঘটনাস্থলে।

এ দিকে খবর পেয়ে ট্রাক মালিক দুপুর ১২ টার দিকে পৌছান ঘটনা ট্রাক মালিক মুরাদ আলী। খাদ থেকে ট্রাক উদ্ধারের প্রক্রিয়া চলছে। এঘটনায় মুরাদ আলী বাদি হয়ে যশোর সদর থানায় আটককৃত রিয়াদ সহ বেশ কয়েকজনকে অজ্ঞাত আসামী করে মামলা দায়ের করেছেন।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা বলেন,আমরা রিয়াদকে ৫৪ ধারায় কোর্ট হাজতে প্রেরন করেছি তবে তার বিরুদ্ধে যশোর কোতয়ালী থানায় নিয়মিত মামলা রুজু হয়েছে।

গাংনীতে দূরপাল্লার বাসের ধাক্কায় প্রাণ হারালেন ভ্যান চালক,আহত ৫

মেহেরপুরের গাংনীর ফতাইপুর গ্রামে দ্রুতগতির বাস চাপায় প্রাণ হারালেন পাখিভ্যান চালক বুলবুল হোসেন (৪২)। আহত হয়েছেন শিশু নারীসহ অন্তত ৫ জন।

আজ বুধবার (২০ ডিসেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া

সড়কের গাংনী উপজেলার চেংগাড়া গ্রামে এই দুর্ঘটনা ঘটে।

এতে ভ্যান চালক বুলবুল হোসেনসহ ৫ জন আহত হন।আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত জরুরী বিভাগের চিকিৎসক ফারুক হোসেন বুলবুল হোসেনকে মৃত্যু ঘোষনা করেন।নিহত বুলবুল গাংনী উপজেলার দুর্লভপুর গ্রামের আব্দুর রহমানের ছেলে।

আহতরা হলেন, এসবি পরিবহনের হেলপার কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার বিজনগর গ্রামের মীর মেজবাউল ইসলামের ছেলে নাহিদ ইসলাম (২৫), চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া গ্রামের লুৎফর রহমানের ছেলে আবু বক্কর (২০), গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকার তৌফিকুর রহমান তৈয়বুর রহমান (৮), মালশাদহ গ্রামের পল্লব হোসেন (৩০)।

বাসযাত্রী পল্লব হোসেন বলেন, বাসের চালক খোস গল্প করছিলেন। বাসটি দ্রুতগামী হওয়ায় নিয়ন্ত্রণ হারিয়ে ভ্যানটিকে ধাক্কা দেই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম বলেন, মেহেরপুর থেকে ঢাকার উদ্দেশ্য ছেড়ে যাওয়া এসবি পরিবহনের একটি বাস যার নং ঢাকা মেট্রো- ব- ১৫- ৩১২০ চেংগাড়া ফতাইপুর নামক স্থানে বিপরীতে দিক থেকে আসা খড়িবোঝাই একটি পাখি ভ্যানকে মুখোমুখি ধাক্কা দিলে ভ্যানটি পার্শ্ববর্তি খাদে পড়ে যায়। এসময় ওই বাসটিও খড়িবোঝাই ভ্যানসহ খাদে পড়ে যায়। ঘর্টনা স্থানে থানা পুলিশের একটা টিম পাঠানো হয়েছে।

তিনি আরো বলেন, আমাদের থানা পুলিশের একটা টিম নিহতের মরদেহ উদ্ধার করেছে। নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায়

স্কুল ছাত্র রেজাউল নিহত; আহত-৫

চুয়াডাঙ্গা সদর উপজেলার চারমাইল বাজারে সড়ক দুর্ঘটনায় পাঁচজন আহত সহ নিহত হয়েছে আরও এক জন।

আজ রবিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা চার মাইল বাজারে এই সড়ক দুর্ঘটনায় ঘটে। দুর্ঘটনায় নিহত হয়েছে পার্শ্ববর্তী এলাকার সোহরাওয়ার্দী স্মরণী বিদ্যাপীঠের নবম শ্রেণির ছাত্র রেজাউল ইসলাম (১৫) পিতা- মোঃ রনি আহমেদ সাং- হোগলডাঙ্গা থানা- চুয়াডাঙ্গা সদর। দুই ছেলের মধ্যে দুর্ঘটনায় নিহত বড় ছেলে রেজাউল ইসলাম।নিহত রেজাউল ইসলাম প্রতিদিনের ন্যায় স্কুল থেকে বাসার উদ্দেশ্য যাচ্ছিলো কিন্তু পথের মধ্যে ঘাতক ট্রাক তাকে চাঁপা দেন। ঘটনাস্থলে মৃত্যু হয় রেজাউল ইসলামের।

আহতদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার চারজন ১। আনোয়ার হোসেন(৩৮) সাং- কোলনিপাড়া থানা- চুয়াডাঙ্গা সদর ২। সবুজ হোসেন(৩৯) সাং- ভান্ডারদহ থানা- চুয়াডাঙ্গা সদর ৩। বিল্লাল হোসেন(৪০) সাং- ঠাকুরপর থানা- চুয়াডাঙ্গা সদর ৪। আব্দুল গফুর(৫০) সাং- ডিঙ্গেদহ বাজার

চারমাইল দুর্ঘটনায় স্থলে উপস্থিত প্রতক্ষ্যদোষী খালিদ হাসান বলেন চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা ঝিনাইদহমুখী একটি ট্রাক প্রথমে একটি ভূসি বোঝায় করা আলমসাধুতে এসে ধাক্কা দেয় তারপর আটোতে ধাক্কা মারে এবং শেষে সাইকেলে থাকা সাইকেল আরোহী নিহত রেজাউল এর উপর ধাক্কা দেয়। আমরা এলাকাবাসী সাইকেল আরোহী রেজাউল ও অনান্য আহতদের নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে আনায়ন করি পরে হাসপাতালে নিয়ে এসে রেজাউল নামের ছেলেটিকে মৃত ঘোষণা করে এখানের ডাক্তার।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক মেডিকেল অফিসার খালিদ হাসান বলেন, বিকাল সাড়ে চারটার পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঁচজন রোগী আসে। পাঁচজনের মধ্যে এক জন হাসপাতালে নিয়ে আসার আগেই মারা যান এবং বাকিদের চারজনের মধ্যে সকলের অবস্থা খারাপ আমরা আহতদের চিকিৎসার প্রদান করে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করিয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) হারুন অর রশিদ জানান, রোববার বিকালে একটি দ্রুত গতির পণ্যবাহি ট্রাক (ঢাকা মেট্রো জ -১১৭৫৯৮) চুয়াডাঙ্গা থেকে ঝিনাদহের দিকে যাচ্ছিল। চার মাইল বাজারে পৌঁছে দ্রুত গতিতে ওভারটেক করতে যেয়ে নিয়ন্ত্রন হারিয়ে কয়েকটি অটো রিকশা ও পাখি ভ্যানকে ধাক্কা দিলে আরোহীরা গুরুতর আহত হন। এর পর বাইসাইকেল চালক স্কুল ছাত্র রেজাউল ইসলাম কে ধাক্কা দিলে গুরুতর আহত হন। আহতদের উদ্ধার করে সদর হাসপাতালে নিলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক রেজাউল ইসলাম কে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ট্রাক ও চালকের সহকারীকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে। আটক – রোকন উদ্দিন (২৫) আলমডাঙ্গার শাহজাহান আলীর ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, ঘটনার পর চালক ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। চালকের সহকারীকে আটক করা হয়েছে। নিহতের মরদেহ সদর হাসপাতালের মর্গে রাখা আছে। এ বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানান এই অফিসার ইনচার্জ।

দামুড়হুদা লোকনাথপুরে ট্রাক-ইজিবাইক মুখোমুখি সংঘর্ষ, শিশুসহ আহত-৫

দামুড়হুদা উপজেলার লোকনাথপুরে ট্রাক ও ইজিবাইক মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ইজিবাইকে থাকা শিশুসহ পাচ যাত্রী গুরুতর আহত হয়েছে।

আহতরা হলেন, দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত. জালাল উদ্দিনের ছেলে (ইজিবাইক চালক) সাইফুল ইসলাম (৩৭), দামুড়হুদার রুদ্রনগর গ্রামের জমির উদ্দিনের স্ত্রী শুকতারা বেগম (৪০), কাদিপুর গ্রামের মৃত. আলী হোসেনের ছেলে রোকন (৩০), রোকনের ছেলে রুহিন (৫) ও একই উপজেলার

গোবিন্দপুর গ্রামের আমিরুল ইসলামের ছেলে জিহাদ আলী (১৮)।

রবিবার বিকাল সাড়ে ৩ টার দিকে তাদেরকে উদ্ধার করে প্রথমে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া তিনজনকে ভর্তি করে অপর দুইজন ব্যক্তিকে গুরুত্বর আহত হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক ডঃ মখলেছুর রহমান তাদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন।

স্থানীয়রা সূত্রে জানা যায়, দামুড়হুদা থেকে ইজিবাইকে কয়েকজন যাত্রী নিয়ে নিজ কাজের জন্য দর্শনায় যাচ্ছিল। এই সময় লোকনাথপুর বাজারে পৌছালে বিপরীত থেকে আসা (যার নং কুষ্টিয়া -ট ১১-০২৮০) একটি ট্রাক এসে ইজি বাইকের সামনাসামনে ধাক্কা মারে । এতে ইজিবাইক চালক সহ যাত্রীরা ছিটকে পাকা রাস্তায় পড়ে গুরুতর আহত হয়। খবর পেয়ে দর্শনা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা তাদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন। ট্রাক ড্রাইভার ঘটনাস্থল থেকে পালিয়ে গেলেও ট্রাকটি দামুড়হুদা মডেল থানা হেফাজতে নেন পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ বলেন, দূরঘটনার খবর পেয়ে আমরা ঘটনাস্থানে যায়,আহত ৫ জনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রের্ফাড করা হয়েছে।ট্রাকটি আমাদের হেফাজতে রয়েছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক নূর জাহান রুমি বলেন, তাদের শারীরিক অবস্থা শঙ্কামুক্ত কিনা এখনি বলা সম্ভব নয়। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করা হয়েছে। সার্জারি কনসালটেন্ট চিকিৎসক পরবর্তী চিকিৎসা দেবেন। ২৪ ঘন্টা না যাওয়া পর্যন্ত কিছু বলা যাচ্ছে না।